

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.২০০.৪৬.০৪৪.২৪ (অংশ)-০৮

তারিখ: ০৭ মাঘ ১৪৩১
২১ জানুয়ারি ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ৪৭তম বি.সি.এস. পরীক্ষা-২০২৪ এর অনলাইনে আবেদনপত্র (BPS Form-1) জমাদানের শেষ তারিখ ৩০ জানুয়ারি ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিটের পরিবর্তে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিট পুনঃনির্ধারণ করা হলো।

২.০ ফলশ্রুতিতে, আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিটের মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (০২ মার্চ ২০২৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত) এস.এম.এস. এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। উল্লেখ্য, নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩.০ সে পরিপ্রেক্ষিতে, ৪৭তম বি.সি.এস. পরীক্ষা-২০২৪ এর বিজ্ঞপ্তির অনুচ্ছেদ-১.০ (বিশেষ নির্দেশনা) এর উপ অনুচ্ছেদ-১.৩ (অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা) নিম্নরূপে সংশোধিত হবে:

“১.৩ অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা: যদি কোন প্রার্থী এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন যে পরীক্ষায় পাস করলে তিনি ৪৭তম বি.সি.এস. পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন এবং যদি তার ঐ পরীক্ষার ফলাফল ৪৭তম বি.সি.এস. পরীক্ষা-২০২৪ এর আবেদনপত্র জমা দেয়ার (অনলাইন রেজিস্ট্রেশন) শেষ তারিখ পর্যন্ত প্রকাশ না হয় তাহলেও তিনি অবতীর্ণ প্রার্থী হিসেবে অনলাইনে আবেদন করতে পারবেন, তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৪৭তম বি.সি.এস. পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে।”

৪.০ প্রেস বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।


২১/০১/২০২৫
দিলীপকুমার দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ছুটিকালীন বিকল্প